গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

## ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখা বিষয়ক প্রত্যয়ন

নৌপরিবহন মন্ত্রণালয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক-১.২.১ অনুযায়ী ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু রয়েছে কিনা সে বিষয়টি মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক গত ০২/০৪/২০২৪ তারিখে পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, হালনাগাদকৃত ডাটাবেজ অনুযায়ী সেবাসমূহ নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী যথাযথভাবে চালু রয়েছে।

বর্ণনামোতাবেক, **প্রত্যয়ন করা যাচ্ছে যে,** নৌপরিবহন মন্ত্রণালয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক-১.২.১ অনুযায়ী ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত নিম্নোক্ত সেবাসমূহ নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী বর্তমানে কার্যকর রয়েছে।

## ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রম** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ১) | ই-রিক্যুইজিশন এন্ড স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম (২০২২-২৩) | নৌপরিবহন মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের অংশ হিসেবে "ই-রিক্যুইজিশন এন্ড স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম" উদ্যোগটি বাস্তবায়ন করা হয়। দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল/দ্রব্যাদি সরবরাহের লক্ষ্যে মন্ত্রণালয়ের প্রাধিকারভুক্ত কর্মকর্তা/কর্মচারীগণ ইতঃপূর্বে হার্ডকপি অধিযাচনপত্র/ইউ.ও নোট এর মাধ্যমে প্রশাসন অধিশাখা/শাখা বরাবর চাহিদাপত্র প্রদান করতেন। একইসাথে মালামাল/দ্রব্যাদি ক্রয়/সরবরাহ এবং অধিযাচনকারী কর্তৃক প্রাপ্তির হিসেব ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্ট্রারের মাধ্যমে সংরক্ষণ করা হতো। এ পদ্ধতিতে সময়, খরচ, ধাপ এবং যাতায়াতের সংখ্যা বেশি ছিল। এছাড়া তাৎক্ষণিকভাবে স্টোর শাখার | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | http://103.84.36.246:8880/estore/login | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মালামালের হিসেব প্রস্তুত করাও কঠিন ছিল।<br><br>বর্তমানে অনলাইনভিত্তিক 'ই-রিক্যুইজিশন এন্ড স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম' চালু করায় ক্রয়কৃত মালামাল এন্ট্রি থেকে সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে অনালাইনে সম্পন্ন হচ্ছে ফলে, সময়, খরচ, ধাপ, কাগজের ব্যবহার এবং যাতায়াতের সংখ্যা হ্রাস পেয়েছে। মালামাল/দ্রব্যাদির স্টক/সরবরাহের হিসাব তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হচ্ছে এবং পূর্বের তুলনায় স্বচ্ছতা ও জবাবদিহীতার ক্ষেত্র প্রসারিত হয়েছে। এছাড়া, পরবর্তী অর্থবছরের ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রেও ডিজিটাল প্রতিবেদনসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। | | | | |
| ২) | মন্ত্রণালয়ের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা (২০২১-২২) | নৌপরিবহন মন্ত্রণালয়ে স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের গুরুত্বপূর্ণ তথ্যসমৃদ্ধ (ব্যক্তিগত, শিক্ষাগত, চাকুরীসংক্রান্ত ইত্যাদি) ডাটাবেইজ সফটওয়্যার/সিস্টেম প্রণয়ন করা হয়েছে। এর ফলে তাঁদের পদোন্নতি/পদায়ন, প্রশিক্ষণ পরিকল্পনা ও অন্যান্য দাপ্তরিক প্রয়োজনে এ সকল তথ্যের ব্যবহার সহজতর হচ্ছে। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | অভ্যন্তরীণ সেবা হওয়ায় এটিকে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সার্ভারে সংরক্ষণ করা হয়েছে। ফলে মন্ত্রণালয়ের LAN এর মাধ্যমে প্রবেশ করা যাবে। | |
| ৩) | মাননীয় প্রতিমন্ত্রীর সাক্ষাৎ কার্যক্রম সহজীকরণ (২০২০-২১) | নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে দেশের বিভিন্ন প্রান্ত হতে প্রায়শই সাক্ষাৎপ্রার্থীগণ সাক্ষাৎ প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে আসেন। তাঁরা মন্ত্রণালয়ে আসার পর একটি স্লিপে তাঁদের পরিচয় এবং সাক্ষাতের উদ্দেশ্য লিপিবদ্ধ করে মাননীয় প্রতিমন্ত্রীর নিকট সাক্ষাতের বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য প্রেরণ করা হয়। অতঃপর মাননীয় প্রতিমন্ত্রী সানুগ্রহ অনুমতি প্রদান করলে সাক্ষাৎপ্রার্থীগণ তাঁর সাথে সাক্ষাৎ করে থাকেন। কিন্তু অনেক সময় দাপ্তরিক ব্যস্ততা বা দাপ্তরিক/অন্যান্য বিশেষ প্রয়োজনে মাননীয় প্রতিমন্ত্রী অফিসের বাইরে অবস্থান করলে সাক্ষাৎপ্রার্থীগণ সাক্ষাৎ গ্রহণে ব্যর্থ হন। ফলে, সাক্ষাৎপ্রার্থীগণের সময়, শ্রম এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। কারণ অনেকসময়ই দুরদুরান্ত হতে সাক্ষাৎপ্রার্থীগণ এসে থাকেন। এছাড়া, বর্তমানে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় অনেক সাক্ষাৎপ্রার্থীর একসাথে মন্ত্রণালয়ে আগমন অথবা সাক্ষাৎ গ্রহণে ব্যর্থ হয়ে একাধিকবার আগমন করলে তাঁদের এবং মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের স্বাস্থ্যঝুঁকি অনেকাংশে বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এই বাস্তবতাকে সামনে রেখে গত ১৩-১৪ অক্টোবর ২০২০ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত 'সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় "মাননীয় | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://mos.gov.bd/forms/form/Minister_Appointment | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | প্রতিমন্ত্রীর সাথে সাক্ষাৎ কার্যাক্রম সহজীকরণ" সেবাটি গৃহীত হয় এবং এর বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনামূলক বিশ্লেষণসহ TCV (Time, Cost, Visit) এনালাইসিস করা হয়। উক্ত বিশ্লেষণে দেখা যায় যে, প্রস্তাবিত পদ্ধতিতে সময়, খরচ, যাতায়াত, ধাপ, জনবল এবং দাখিলীয় কাগজপত্র অনেকাংশে হ্রাস পাবে।<br><br>পরবর্তীতে সেবাটির সহজীকৃত প্রস্তাবিত পদ্ধতি অনুযায়ী একটি অনলাইন ফরম উন্নয়ন করা হয়, যেখানে সকল সাক্ষাৎপ্রার্থীগণ নিজ অবস্থান থেকেই প্রয়োজনীয় তথ্য দিয়ে অনলাইনে সাক্ষাতের জন্য অনুরোধ জানাতে পারেন। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব উক্ত অনুরোধসমূহ পেয়ে থাকেন এবং মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে সাক্ষাৎপ্রার্থীগণকে ই-মেইল/মোবাইল এর মাধ্যমে সাক্ষাৎ গ্রহণের তারিখ ও সময় জানিয়ে দিয়ে থাকেন। এর ফলে মাননীয় প্রতিমন্ত্রীর সাক্ষাৎ গ্রহণ কার্যক্রমটি পূর্বের তুলনায় অনেক সহজ, সাশ্রয়ী এবং সময়োপযোগী হয়েছে। | | | | |
| ৪) | অনলাইন ক্যালেন্ডার (২০২০-২১) | অনলাইন ক্যালেন্ডারের মাধ্যমে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচি এবং মন্ত্রণালয়ের সভাকক্ষ/অন্যান্য স্থানে অনুষ্ঠিত সভা/প্রশিক্ষণ/সেমিনার ইত্যাদির তথ্য আপলোড করা হয়। ফলে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ একটি ক্যালেন্ডারে যুক্ত থেকে সভা-প্রশিক্ষণ বিষয়ক তথ্য নিজস্ব মোবাইল /কম্পিউটার/ল্যাপটপের মাধ্যমে পেয়ে থাকেন এবং সে মোতাবেক সভা, প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা আয়োজনে আগে থেকেই পরিকল্পনা গ্রহণ করতে পারছেন। এ কার্যক্রম বাস্তবায়নে সময়, শ্রম ও অর্থের সাশ্রয়সহ কাগজের ব্যবহার কম হয়ে থাকে। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | https://calendar.google.com/calendar/u/0/r/day?pli=1<br><br>(কেবলমাত্র সংযুক্ত/অনুমোদিত কর্মকর্তাগণ উক্ত লিঙ্কে প্রবেশ করতে পারবেন) | |
| ৫) | চিঠিপত্র গ্রহণ ও বিতরণ কার্যক্রম সহজীকরণ (২০১৯-২০) | চিঠিপত্র গ্রহণ ও বিতরণ কার্যক্রমটি পূর্ববর্তী পদ্ধতিতে ৮টি ধাপে ৩ বার যাতায়াতের মাধ্যমে সম্পন্ন হত। এ কার্যক্রম সহজীকরণের ফলে দপ্তরিক চিঠিপত্র গ্রহণ ও বিতরণ সহজতর হয়েছে এবং লোকবল ও ব্যয় সশ্রয়ী হয়েছে। চিঠি দ্বিতীয় বার ডেসপাস শাখায় এন্ট্রি না হওয়ায় কাজের ডুপ্লিকেশন কমে গিয়েছে। এছাড়া, আগত সকল পত্রাদি এখন কেন্দ্রীয় ডেসপাস শাখা হতেই ই-নথিতে এন্ট্রি প্রদান করা হচ্ছে। ফলে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে। বিস্তারিত বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রসেসম্যাপ অনুযায়ী সেবা সহজীকরণের ফলে বর্তমানে ৫ টি ধাপে মাত্র ১ বার যাতায়াতে কাজটি সম্পন্ন হচ্ছে। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | | পদ্ধতিগত পরিবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬) | ডিজিটাল পদ্ধতিতে মন্ত্রণালয়ের মাইক্রোবাসসমূহ রিয়েল টাইম মনিটরিং (২০২১-২২) | মন্ত্রণালয়ের মাইক্রোবাসে Smart Tracker Device স্থাপন করা হয়েছে। ফলে মাইক্রোবাসসমূহের তাৎক্ষণিক অবস্থান, গতিসহ সংশ্লিষ্ট তথ্যাদি জানা সম্ভব। চলন্ত অবস্থায় ড্রাইভারগণের জন্য ফোন কল গ্রহণ করা অনেকসময় ঝুঁকিপূর্ণ। তাই, অফিস যাতায়াতের জন্য মাইক্রোবাস ব্যবহারকারী কর্মকর্তাগণ এটির মাধ্যমে ড্রাইভারকে ফোন না দিয়েও মোবাইলের মাধ্যমে গাড়ীর অবস্থান জানতে পারবেন। কর্তৃপক্ষ এবং সেবাগ্রহীতাগণ সংশ্লিষ্ট ইউজার হিসেবে সংযুক্ত থেকে প্রয়োজনীয় তথ্যাদি দেখতে পারেন। | সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠান হতে যথাযথ সেবা না পাওয়ায় বর্তমানে সেবাটি বন্ধ রয়েছে। | - | - | আরও উন্নতর সেবাদানকারী কোন প্রতিষ্ঠানের নিকট হতে সেবা গ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। |
| ৭) | আইসিটি সংক্রান্ত সেবা/রিক্যুইজিশন ব্যবস্থাপনা সহজীকরণ (২০২১-২২) | আইসিটি যন্ত্রপাতি/মালামালের অধিযাচন সরবরাহ ব্যবস্থাটি পূর্ববর্তী পদ্ধতিতে ৯টি ধাপে ৩-৪ বার যাতায়াতের মাধ্যমে সম্পন্ন হত। একইসাথে নির্ধারিত সময়ে সেবা পেতে বিলম্ব হত। বিস্তারিত বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রসেসম্যাপ অনুযায়ী সেবা সহজীকরণের ফলে বর্তমানে সেবা গ্রহীতাগণ ৫ টি ধাপে মাত্র ১ বার যাতায়াতে দ্রুততম সময়ে সেবা পাচ্ছেন। | কার্যকর রয়েছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | - | পদ্ধতিগত পরিবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ করা হয়েছে। |

02/04/2024
সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান
প্রোগ্রামার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

02/08/28
জি.এম. ফয়সাল আহমদ
সিস্টেম এনালিস্ট
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

02.08.2028
মোঃ গোলাম রাব্বী, বিপিএএ
যুগ্মসচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

02/8/2028
সঞ্জয় কুমার বণিক
অতিরিক্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার